

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১২৬

তারিখ: ৫ বৈশাখ ১৪২৯

১৮ এপ্রিল ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-২৮২/২০২২ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার মিংড়া জিন্নাহ আলম কলেজে অধ্যক্ষ কর্তৃক ঘুষ গ্রহণ পূর্বক বেআইনীভাবে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রদানের এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য অত্র কলেজের প্রভাষক, জনাব মোহা. ওয়াহিদুজ্জামানসহ মোট ০৩ (তিন) জন মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ঢাকা বরাবর ২৩.১১.২০২১ এবং ২৯.১১.২০২১ তারিখে আবেদন করেন।

জনাব মোহা. ওয়াহিদুজ্জামানসহ মোট ০৩ (তিন) জন এর আবেদন পত্রগুলো প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করা সংস্কৃদ্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৮২/২০২২ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ২৩.০১.২০২২ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন;

“The respondent No. 2 is directed to dispose of the applications dated 23.11.2021 and 29.11.2021 filed by the petitioners as evident in (Annexure-C and D) to the instant writ petition within 15 (fifteen) working days from the date of receipt of the instant order.”

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-২৮২/২০২২ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ২৩.১১.২০২১ এবং ২৯.১১.২০২১ তারিখের আবেদনগুলো (Annexure-C and D) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-৪-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১২৬/১

তারিখ: ৫ বৈশাখ ১৪২৯

১৮ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৮-৪-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব